

আন্তর্জাতিক কনফারেন্সে প্রবন্ধ উপস্থাপন এবং অ্যাওয়ার্ড প্রাপ্তির অভিজ্ঞতা
শেয়ারিং



রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সাবেক চেয়ারম্যান এবং সাউথ এশিয়ান স্টাডি সার্কেল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী গত ১৬-১৮ জানুয়ারি ভারতের বেঙ্গালোরস্থ ক্রাইস্ট ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত আন্তর্জাতিক কনফারেন্স-এর উদ্বোধনী অধিবেশনে ‘Integrating Value Education and Sustainable Development in the Curriculum of University’ শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন। একই অধিবেশনে আমেরিকার ওয়াশিংটন State University এর অধ্যাপক মাইক ট্রেভিসানও মূল প্রবন্ধ উপস্থাপন করেন। এই কনফারেন্সে অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামীর হাতে International Award for Erudite Scholar 2019 তুলে দেন CTEF-এর প্রেসিডেন্ট অধ্যাপক ড. কে এম ভান্ডারকার।

এই উপলক্ষে ৫ ফেব্রুয়ারি ২০২০-বুধবার উপাচার্য মহোদয়ের কনফারেন্স কক্ষে ড. গোস্বামী তার অভিজ্ঞতা শেয়ার করেন এবং এ বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নব নির্বাচিত সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগমের সভাপতিত্বে সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এস. এম. আনোয়ারা বেগম, এবং মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নূর মোহাম্মাদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক শরীফ নুরজাহান। এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক-শিক্ষিকা এবং কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।